

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
হিসাব ও অর্থ বিভাগ
১৬, আবদুল গণি রোড, ঢাকা
www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৩.২০.০০২.১৬ - ৭৫ (৬৪)

তারিখ: ২৮/০৮/২০১৯খ্রি:

বিষয় : পুনর্ভরণ বাবদ অর্থ বরাদ্দের চাহিদাপত্র প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, অভ্যন্তরীণভাবে ধান/চাল ও গম ক্রয় খাতে পুনর্ভরণ বাবদ অর্থ বরাদ্দের চাহিদাপত্র যথাযথভাবে প্রেরণ না করায় এবং নিম্ন উল্লিখিত বিষয়গুলো স্পষ্ট না থাকায় বরাদ্দ প্রদানে সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। এমতাবস্থায় নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনায় নিয়ে পুনর্ভরণের চাহিদাপত্র প্রেরণ করার জন্য নির্দেশ দেয়া হলো :

১। ইতোপূর্বে একাধিকবার আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণের মাধ্যমে নির্দেশনা থাকা সত্ত্বেও উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণ সরাসরি পুনর্ভরণের চাহিদাপত্র অত্র দপ্তরে প্রেরণ করছেন, যা মোটেও কাম্য নয়। বস্তুত: পুনর্ভরণের চাহিদাপত্র জেলা খাদ্য নিয়ন্ত্রকগণ উপজেলা ভিত্তিক প্রেরণ করবেন। এক্ষেত্রে মূল চুক্তি ও অতিরিক্ত বরাদ্দ/পুন: বরাদ্দ থাকলে তার কারণ ও অর্থের পরিমাণ ভিন্ন ভিন্ন ভাবে উল্লেখ করতে হবে। এক্ষেত্রে আরো উল্লেখ্য যে, পুনর্ভরণের চাহিদাপত্র উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণকে আলাদাভাবে অত্র দপ্তরে প্রেরণ করার প্রয়োজন নেই মর্মে সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক দপ্তরসমূহকে নির্দেশনা দেয়ার জন্য পরামর্শ দেয়া হলো।

২। ইদানিং চাহিদাপত্রে লক্ষ্য করা যাচ্ছে খাদ্যশস্য সংগ্রহের পর অনেক দেরীতে চাহিদাপত্র প্রেরণ করা হয়, যা মোটেও কাম্য নয়। বিধায় সংগ্রহ কার্যক্রম চলাকালীন বা সংগ্রহের পর জেলা খাদ্য নিয়ন্ত্রকগণকে দ্রুততার সাথে চাহিদাপত্র প্রেরণ করতে হবে।

স্বাক্ষরিত
(মো: মাহমুদ হাসান)
পরিচালক
ফোন: ৯৫৫৬৩০৬

জেলা খাদ্য নিয়ন্ত্রক(সকল).....।

উপ

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৩.২০.০০২.১৬ ৭৫/৬৪ (৪৯৬)
সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে।

তারিখ: ২৮/০৮/২০১৯খ্রি:

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
- ৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
- ৪। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক(সকল).....।

স্বাক্ষরিত
(মোহাম্মদ আমিনুল এহসান)
উপপরিচালক
August
২৭/০৮/১৯